

যায়যায়দিন

তারিখ ... ০৩ "OCT" 2007 ...
পৃষ্ঠা - ২ কলাম ৮

শিক্ষা ক্যাডারে পদোন্নতিতে আর কোনো বাধা নেই

বিভাগীয় পরীক্ষা ও সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষা পাস করতে ব্যর্থ শিক্ষা ক্যাডারের কিছু প্রভাষককে অবৈধ সুবিধা দেয়ার জন্য সব প্রচলিত বিধিমালা ভঙ্গ করে বিভাগীয় পরীক্ষা, বৃনিত্যাদি প্রশিক্ষণ ও সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষা থেকে অব্যাহতি দিয়ে গত বছরের ১১ অক্টোবর একটি এসআর জারি করা হয়। বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের ১২ হাজার শিক্ষকের স্বার্থ পরিপন্থী হওয়ায় সমিতি ওই এসআরও চ্যালেঞ্জ করে হাই কোর্টে রিট মামলা করে। পাচদিন জনানির পর গতকাল মঙ্গলবার হাই কোর্ট ওই এসআরও বাতিল করেন। ফলে শিক্ষা ক্যাডারে প্রভাষকসহ সব স্তরে পদোন্নতিতে আর কোনো বাধা নেই। এ অবস্থায় সমিতি দ্রুত পদোন্নতি প্রক্রিয়া চালু করার আহ্বান জানাচ্ছে। আবেদনকারীদের পক্ষে মামলাটি পরিচালনা করেন ব্যারিস্টার আমীরুল ইসলাম, ব্যারিস্টার তানিয়া আমীর, ব্যারিস্টার এম মনিরুজ্জামান আসাদ ও ব্যারিস্টার শামীম হায়দার পাটওয়ারী।

বিজ্ঞপ্তি